# বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম)

প্লট নং-৪, মেইন রোড নং- ১, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিআইবিএম-এ নিম্নলিখিত ৮টি শূন্য পদ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রম | পদের নাম ও বেতন কাঠামো | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | জুনিয়র অফিসার (জেনারেল)<br>১৪,৮২০----৩১,৩২০/- | ১ | ১) যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমান ডিগ্রী।<br>২) MS Office Program (Word, Excel, Power Point, Internet, e-mail etc.) সম্পর্কে জ্ঞান এবং চালানোর সক্ষমতা থাকতে হবে।<br>৩) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১-২ বছরের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।<br>৪) বয়সঃ ২৩/০৯/২০২৬ তারিখে সর্বোচ্চ ৩২ বছর। |
| ২ | জুনিয়র অফিসার (আইটি/আইসিটি)<br>১৪,৮২০----৩১,৩২০/- | ২ | ১) যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমান ডিগ্রী।<br>২) Operating System, MS Word এবং MS Excel ব্যবহারে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩) হার্ডওয়্যার রক্ষণাবেক্ষণ কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।<br>৪) বয়সঃ ২৩/০৯/২০২৬ তারিখে সর্বোচ্চ ৩২ বছর। |
| ৩ | জুনিয়র অফিসার (গ্রাফিক্স ডিজাইনার)<br>১৪,৮২০----৩১,৩২০/- | ১ | ১) যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমান ডিগ্রী।<br>২) যেকোনো স্বীকৃত আইটি প্রতিষ্ঠান হতে গ্রাফিক্স ডিজাইন এবং সব ধরনের এডিটিং বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত/সনদধারী হতে হবে।<br>৩) গ্রাফিক্স ডিজাইন এবং এডিটিং সফটওয়্যার (Photoshop, Illustrator) ব্যবহারের অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪) বয়সঃ ২৩/০৯/২০২৬ তারিখে সর্বোচ্চ ৩২ বছর। |
| ৪ | জুনিয়র অফিসার (সিস্টেম সাপোর্ট)<br>১৪,৮২০----৩১,৩২০/- | ১ | ১) যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমান ডিগ্রী।<br>২) যেকোনো স্বনামধন্য প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল /ইলেকট্রনিক্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ারিং, রক্ষণাবেক্ষণ (Maintenance) এবং ট্রাবলশুটিং (Troubleshooting) এর উপরে কমপক্ষে ১ (এক) বছর মেয়াদী কোর্স সফলভাবে সম্পন্ন করে সনদপ্রাপ্ত হতে হবে।<br>৩) Computer Hardware, Software & Network Installation, Configuration and Repairing এর কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪) বয়সঃ ২৩/০৯/২০২৬ তারিখে সর্বোচ্চ ৩২ বছর। |
| ৫ | জুনিয়র অফিসার (প্রুফ রিডার)<br>১৪,৮২০----৩১,৩২০/- | ১ | ১) যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সাহিত্যে স্নাতক।<br>২) প্রুফ রিডার হিসেবে ২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩) MS Office Program (Word, Excel) সম্পর্কে জ্ঞান এবং চালানোর সক্ষমতা থাকতে হবে।<br>৪) বয়সঃ ২৩/০৯/২০২৬ তারিখে সর্বোচ্চ ৩২ বছর। |
| ৬ | সিনিয়র অ্যাসিস্ট্যান্ট (অডিও ভিজুয়াল টুলস্ অপারেটর)<br>১২,৩৬০----২৩,৯৬০/- | ১ | ১) এইচএসসি অথবা সমমান।<br>২) অডিও ভিজুয়াল টুলস্ অপারেটর হিসেবে ৫ (পাঁচ) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩) বয়সঃ ২৩/০৯/২০২৬ তারিখে সর্বোচ্চ ৩২ বছর। |
| ৭ | ইমাম (চুক্তিভিত্তিক)<br>২২,০০০/-<br>(সর্বসাকুল্যে) | ১ | ১) দ্বিতীয় শ্রেণীতে কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস।<br>২) কোরআনে হিফজ বিশেষ যোগ্যতা বিবেচিত হবে।<br>৩) কোনো জামে মসজিদে খতিব হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>৪) বয়সসীমাঃ ২৩/০৯/২০২৬ তারিখে সর্বনিম্ন ২৫ বছর - সর্বোচ্চ ৩৫ বছর। |

**শর্তসমূহ:**

- শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সমতুল্য সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
- গ্রেডিং সিস্টেমের অধীনে জিপিএ ৩.০০ (৫.০০ এর মধ্যে) এসএসসি ও এইচএসসি স্তরে ১ম বিভাগের সমতুল্য এবং স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী সিজিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) ১ম শ্রেণীর সমতুল্য; শিক্ষা মন্ত্রণালয়ের সার্কুলার নম্বর; শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ তারিখ ০২ মার্চ ২০১০।

**সুবিধাসমূহ:**

- ***১ হতে ৬ নং পর্যন্ত পদের ক্ষেত্রে:*** ২০১৪ সালে অনুমোদিত বিআইবিএম-এর উল্লিখিত বেতন কাঠামো অনুযায়ী মূল বেতনের ৬০% বাড়ি ভাড়া, ১০% মেডিকেল ভাতা, যাতায়াত ভাতা বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, উৎসব ভাতা এবং বিআইবিএম এর এমপ্লয়িজ সার্ভিস রেগুলেশনস অনুযায়ী অন্যান্য সুবিধা।
- ***৭ নং পদের ক্ষেত্রে:*** সর্বসাকুল্যে মাসিক সম্মানী ২২,০০০/-(বাইশ হাজার) টাকা। ঈদুল ফিতর ও ঈদুল আজহায় প্রতিবারে মাসিক সম্মানীর ৫০% এবং বৈশাখী ভাতা হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উৎসব ভাতা।

**আবেদনের নিয়মাবলী:**

- আগ্রহী প্রার্থীকে আবেদনপত্রের সাথে বিআইবিএম এর ওয়েবসাইট (bibm.org.bd) হতে নির্ধারিত চাকরির আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত ডকুমেন্টসমূহ সংযুক্ত করে আবেদনপত্র সরাসরি/ডাকযোগে দাখিল করতে হবেঃ
  - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (১ম শ্রেণী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), বিআইবিএম এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- খামের উপর আবেদনকৃত পদের নাম আবশ্যিকভাবে লিখতে হবে। আবেদনকারীর স্বাক্ষরকৃত আবেদন পত্র আগামী ২৩/০৯/২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বিআইবিএম এর মহাপরিচালকের দপ্তরে পৌঁছাতে হবে।
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের সাথে পরবর্তী কার্যক্রমের জন্য যোগাযোগ করা হবে।

(শবরী ইসলাম)
পরিচালক (প্রশাসন ও হিসাব), বিআইবিএম।